

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৯০

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرأن)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - (কুরআন অধ্যয়ন ও তিলাওয়াতের আদব)

بَابٌ [أدبُ التِّلَاوَةِ وَدُرُوْسُ الْقُرْأَنِ]

আরবী

وَعَنْ جُنْدُبِ بْنِ عَبْدُ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «اقرؤوا الْقُرْآنَ مَا النَّلَهُ عَلَيْهِ وَسلم: «اقرؤوا الْقُرْآنَ مَا النَّلَفَتُ عَلَيْهِ قُلُوبُكُمْ فَإِذَا اخْتَلَفْتُمْ فَقومُوا عَنهُ»

বাংলা

২১৯০-[8] জুনদুব ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মনের আকর্ষণ থাকা পর্যন্ত কুরআন পড়বে। মনের ভাব পরিবর্তিত হলে অর্থাৎ- আগ্রহ কমে গেলে তা ছেড়ে উঠে যাবে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫০৬০, মুসলিম ২৬৬৭, সহীহাহ্ ৩৯৯৩, দারিমী ৪৪২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কুরআন পাঠের আদব হলো তা আগ্রহ ভরে তিলাওয়াত করা। মনের আকর্ষণ যতক্ষণ বিদ্যমান থাকে ততক্ষণ তিলাওয়াত করা দরকার। ইমাম ত্বীবী (রহঃ) বলেছেন, তোমরা প্রফুল্লতা সহকারে আনন্দচিত্তে কুরআন তিলাওয়াত কর। অতএব যখন তোমাদের অস্বস্তি চলে আসবে এবং অন্তর বিবিধ চিন্তা করেবে তখন তোমরা তিলাওয়াত পরিত্যাগ কর। কেননা এটা অমনোযোগী হয়ে পড়ার চাইতে নিরাপদ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন